বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

স্মারক নং ৪৭.৬২.৭২৭৪.০০০.০৬.০৭১.১৯.৬০৬ তারিখ: ৩১/০৮/২০২১ খ্রি:

## সভার নোটিশ

আগামী ০২/০৯/২০২১ খ্রি: তারিখ বেলা ১২.০০ ঘটিকায় নেত্রকোণা সদর উপজেলা পরিষদের পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটির সভা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা মহোদয়ের সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় উপস্থিত থাকার জন্য কমিটির সকল সম্মানীত সদস্যবৃন্দকে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী:

০১। বিগত সভার কাযবিবরনী পাঠ ও দৃঢ়করণ।
০২। উপজেলা পরিষদে অনুমোদনের নিমিত্তে প্রকল্প নির্বাচন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তগ্রহণ।
০৩। বিবিধ।

(মুহাম্মদ রাশিদুল ইসলাম)
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও
সদস্য-সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটি
উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

প্রাপক:

.........................

নেত্রকোণা সদর, নেত্রকোণা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):
০১। ভাইস চেয়ারম্যান ও সভাপতি, পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটি ,উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০২। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৪। অফিস কপি।

CamScanner

**নেত্রকোণা সদর উপজেলা পরিষদের পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী**

অধিবেশন নং- ০২/২০২১-২০২২
সভার স্থান: সভাপতি মহোদয়ের কার্যালয়, নেত্রকোণা সদর উপজেলা পরিষদ, নেত্রকোণা।
তারিখ: ০২/০৯/২০২১ খ্রি:
সময়: বেলা ১২.০০ ঘটিকা

সভায় উপস্থিত সম্মানীত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর

| ক্র: নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মো: আব্দুল খালেক তালুকদার | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা। | সভাপতি | |
| ০২ | জনাব মো: আ: জব্বার ফকির | চেয়ারম্যান, চল্লিশা ইউনিয়ন পরিষদ নেত্রকোণা সদর, নেত্রকোণা। | সদস্য | |
| ০৩ | জনাব ফরিদ আহমেদ ফকির | চেয়ারম্যান, মদনপুর ইউনিয়ন পরিষদ নেত্রকোণা সদর, নেত্রকোণা। | সদস্য | |
| ০৪ | জনাব মো: আনোয়ার হোসেন | চেয়ারম্যান, কাইলাটি ইউনিয়ন পরিষদ নেত্রকোণা সদর, নেত্রকোণা। | সদস্য | |
| ০৫ | জনাব এআর আলী আজগর খান শারীফ | চেয়ারম্যান, কে-গাতী ইউনিয়ন পরিষদ নেত্রকোণা সদর, নেত্রকোণা। | সদস্য | |
| ০৬ | মুহাম্মদ রাশিদুল ইসলাম | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নেত্রকোণা সদর, নেত্রকোণা। | সদস্য- সচিব | |

অদ্যকার সভার সভাপতি জনাব মো: আব্দুল খালেক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। শুরুতে সভাপতি সাহেব উপস্থিত সকল সম্মানীত সদস্যবৃন্দকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন এবং দিনের আলোচ্যসূচী মোতাবেক সভার কাযর্ক্রম পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব মুহাম্মদ রাশিদুল ইসলাম সাহেবকে অনুরোধ জ্ঞাপন করেন।

আলোচ্যসূচী-১: বিগত সভার কার্য্যবিবরণী পাঠ ও অনুমোদন।

সভায় ইউআরডিও সাহেব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান । এই নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে তা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত ও অনুমোদিত হয়।

আলোচ্য সূচীঃ-২ উপজেলা পরিষদে অনুমোদনের জন্য প্রকল্প নির্বাচন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

আলোচ্য সূচী মোতাবেক ইউআরডিও সাহেব সভাকে জানান যে, উপজেলা পরিষদে ন্যস্ত বিআরডিবি কার্যালয় হতে উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি পরিচালিত হয়। এর আওতাধীন কৃষক ও মহিলা সমবায় সমিতি রয়েছে। এসব সমবায়

CamScanner

স্মারক নং ৪৭.৬২

সমিতির সদস্যগন বিআরডিবি কার্যালয় হতে প্রশিক্ষণ ও কৃষি/দারিদ্র্য বিমোচন খাতে ঋণ সহায়তা পেয়ে আসছে। এসব সমবায় সমিতির সদস্যদের মাধ্যমে বৃক্ষরোপন কার্যক্রম বাস্তবায়িত করা যেতে পারে। এনিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের অর্থায়নে ২০০ জন সমবায়ীদের মাঝে ১০ টি করে ফলজ ও বনজ বৃক্ষ বিতরণ ও রোপনের কর্মপরিকল্পনা সর্বসম্মতভাবে গৃহীত ও অনুমোদিত হয় এবং প্রস্তাবটি অনুমোদনের জন্য উপজেলা পরিষদে মাসিক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচ্যসুচী-৩: বিবিধ।

বিবিধতে কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মো: আব্দুল খালেক তালুকদার
সভাপতি
পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটি ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা

স্মারক নং ৪৭.৬২.৭২৭৪.০০০.০৬.০১২.১৯.৫১০

তারিখ: ০২/০৯/২০২১

অনুলিপি (সদয় অবগতির জন্য):

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০২। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৪। চেয়ারম্যান, ..................... ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৫। অফিস কপি।

মুহাম্মদ রাশিদুল ইসলাম
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও
সদস্য- সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটি
উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

CS CamScanner